

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৪/৮০

তারিখ: ০২/০৪/২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ পোশাক শিল্পের চালান রপ্তানিতে অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের সূত্র নং- এফট-ওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪-১১৭৪, তারিখ: ০১/০৪/২০২৪।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের মেয়াদ ৩১/০৩/২০২৪ তারিখ হতে বৃদ্ধি করে ৩০/০৬/২০২৪ তারিখ নির্ধারণ করা হয়েছে।


নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে হালনাগাদকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত নির্দেশনা এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে।

ধন্যবাদাত্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব


০২/০৪/২০২৪



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (এক্সপোর্ট ট্রেড শাখা)

সত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪-১১৭৮

তারিখঃ ০১/০৮/২০২৪

সভাপতি

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) বিজিএমইএ কর্মসূচী

বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭
রুক্মণী এইচ-১, উত্তরা
ঢাকা-১২৩০।

ପ୍ରିୟ ମହୋଦୟ,

পোশাক শিল্পের চালান রপ্তানিতে অনিষ্টম শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য
বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে আপনাদের ০৬/০৩/২০২৪ তারিখের পত্র নং- বিজিএ/কাস/২০২৪/৩০৭১ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পাদনের মেয়াদ আগামী ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। আহাড়া, সেপ্টেম্বর/২০২০ পূর্ববর্তী সময়ের মাঝ ডঃ ১০০ পর্যন্ত শর্ট শিপমেন্ট এর কারণে Online Export Monitoring System(OEMS) এ যাতে ইএক্সপি আংশিক মেয়াদৌর্তীর্ণ হিসেবে প্রদর্শিত না হয় সে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২) উল্লিখিত সময়ের মধ্যে এডি ব্যাংকের সহযোগিতা প্রহণপূর্বক কাস্টমস হতে শট শিপমেন্ট সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র প্রহণ এবং তা অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পর্ক করার নিমিত্তে আপনাদের সদস্য প্রতিষ্ঠানসমূহকে তাগাদা প্রদান করার জন্য বিশেষভাবে অনরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সুজাত আলী প্রধান)

যুগ্ম পরিচালক

ফোনঃ +৮৮০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১